July 20, 2020

To,	To,
The General Manager,	The Listing Department,
Department of Corporate Services,	National Stock Exchange of India Limited,
Bombay Stock Exchange Limited,	Exchange Plaza,
1st Floor, New Trading Ring,	Bandra Kurla Complex,
Rotunda Bldg, P.J. Tower, Dalal Street,	Bandra (E),
Mumbai – 400001	Mumbai – 400051
BSE Stock Code: 500083	NSE Stock Code: CENTEXT EQ

Dear Sir/ Madam,

Sub: Publication of the Extract of Standalone Audited Financial Results for the Quarter and Financial Year ended 31st March, 2020 in Newspapers.

Further to our letter dated 18th July, 2020, Please find enclosed a copy of the Newspapers publication of the Extract of Standalone Audited Financial Results for the ***Quarter and Financial Year ended 31st March, 2020*** on Monday, 20^{th} July, 2020 in "Financial Express" (all editions) and " Duranta Barta" (Kolkata edition) newspapers in this regard.

This is for your kind information and record.

Thanking You.

Yours faithfully,

For Century Extrusions Limited

CENTURY EXTRUSIONS LIMITED KOLKATA

Rohit Kumar

Rohit Kumar
(Company Secretary & Compliance Officer)
M. No. A37781

Century Extrusions Limited

Regd. & Head Office :
113, Park Street
"N" Block, 2nd Floor
Kolkata -700 016 (W.B.), India
Ph. + 91 (033) 2229 1012/1291
Fax : +91 (033) 2249 5656
E.Mail : century@centuryextrusions.com
Website : www.centuryextrusions.com

MANAGEMENT SYSTEM CERTIFICATION
DNV·GL
ISO 9001= ISO 14001
OHSAS 18001
ISO 9001-2015

Works :
WBIIDC Industrial Growth Centre
Plot No. 7A, Sector 'B' NIMPURA
P.O. : Rakhajungle, Kharagpur - 721 301
Dist. : Paschim Medinipur, West Bengal, India
Ph. : +91 (03222) 233 310/324
Fax : +91 (03222) 233 304
E.mail : works@centuryextrusions.com

CIN L27203WB1988PLC043705

From the Front Page

Export hub: Chinese handset makers in wait and watch mode

The government started inviting applications under the scheme beginning this month and the last date for applying is month-end. By early August, the names of selected companies will be announced. Initially, five global and five local companies will be selected to avail of the scheme. South Korean major Samsung and Flextronics are also expected to submit their applications shortly.

The reason the government is likely to consider the applications of Chinese firms favourably in case they apply is because the potential of job creation as a result of the PLI scheme is 15 lakh over a five-year period. Around 90% of the jobs would be at the worker level where an average salary level would be around ₹22,000. The remaining 10% jobs would be of supervisor levels.

For global players, incentives would be for phones above $200 as they have a market outside India. In India, phones above $200 have a market share of only 2%.

Companies will require to meet incremental investments and produce incremental phones over and above FY20 (which has been defined as the base year). Investment and production targets increase over a three-year period and five-year period, respectively.

The PLI scheme will extend an incentive of 4% to 6% on incremental sales over base year of goods manufactured in India and covered under target segments, to eligible companies, for a period of five years subsequent to the base year as defined. Due to this, the domestic value addition for mobile phones is expected to rise to 35-40% by 2025 from the current level of 2-25%.

According to industry estimates, mobile manufacturing companies have the potential to get an incentive of around ₹7,500 crore if they scale up production to worth about ₹1.5 lakh crore over the next five years under the PLI scheme.

The production of mobile mobile handsets in 2018-19 reached 29 crore units worth ₹1.70 lakh crore from 6 crore units worth ₹19,000 crore in 2014. While the exports of electronics has increased from ₹38,263 crore in 2014-15 to ₹61,908 crore in 2018-19, India's share in global electronics production has reached 3% in 2018 from 1.3% in 2012.

Privatisation policy: Explicit immunity to only handful of PSUs

Along with a clutch of other firms, Bharat Heavy Electricals (BHEL) falls under the 'heavy and medium engineering sector', one of the 16 'strategic sectors' identified by the government, where only one firm needs to retain the PSU tag. That implies the new policy doesn't accord any outright exemption to Bhel from privatisation, but the company could still be preserved in the public sector, given its crucial role under the Make in India campaign and its potential as a domestic equipment manufacturer to rein in the cost of power to consumers.

The new policy, while not being dramatic in its redefinition of strategic and non-strategic sectors, still offers significant scope for large-scale privatisation and/or consolidation of central PSUs, including several large companies in sectors such as petroleum refining and marketing, crude exploration, power generation, coal and metals. Most of these sectors have more than one PSU, even more than four in some cases.

Currently, there is no clear definition of strategic sector. According to some regulatory purposes, only space and atomic energy are considered strategic while the railways is categorised as sector involving social good, and so eligible to be in the government sector only.

Under the new definition, non-strategic sectors will include 'hotel and tourist services', 'transportation vehicle & equipment', 'industrial and consumer goods', 'trading and marketing' and 'transport and logistics'. The government will likely privatise all the entities in these sectors in due course of time. For example, ITDC, which has a network of four Ashok Group of Hotels, including The Ashok and Samrat Hotel in central Delhi, one joint venture hotel, one restaurant and 12 transport units across the country, is an apt candidate for sale. Similarly, in transport and logistics sector, there are about 20-odd companies. While the strategic sale process for Air India has already been initiated, its subsidiaries, Con-Cor, among others, are among the next in line. Of the 20-odd companies in trading and marketing, the bigger ones like STC and MMTC will likely be privatised or shut down while smaller and loss-making ones will be wound up.

According to the proposed privatisation policy announced by finance minister Nirmala Sitharaman recently, at least one enterprise in a 'strategic sector' will remain in the public sector, but private sector will also be allowed. To minimise wasteful administrative costs, the number of enterprises in strategic sectors will ordinarily be only one to four, others will be privatised or merged or brought under holding companies.

While the Modi government has already initiated strategic disinvestment, the new policy will give a comprehensive framework and provide the ground for a road-map of privatisation for years to come. Disinvestment of government stakes in companies have become a major source of non-tax revenue in recent years with mop-ups of ₹1 lakh crore in FY18, ₹85,000 crore in FY19 and ₹50,300 crore in FY20. While the target is to raise ₹2.1 lakh crore in FY21 from disinvestment, market volatility may make the task difficult even though sale of oil retailer BPCL alone may fetch the Centre ₹70,000-80,000 crore.

There will be significant scope of disinvestment in oil refinery and retailing, which has six CPSEs, including BPCL, Indian Oil, MRPL, Chennai Petroleum Corporation and Numaligarh Refinery. In the hydrocarbon exploration sector, there are five PSUs including ONGC, BPRL, Oil India and ONGC Videsh. Heavy and medium engineering sector has 33 CPSEs, including BHEL, HAL, Cochin Shipyard, Goa Shipyard, Bharat Electronics. While BHEL is likey to remain in public sector, some of the other units under this category are also under closure processes. Among eleven PSUs in power generation, including NTPC, NHPC and SJVN, a handful can either be privatised or be sold to stronger ones. There were 249 operating Central PSUs as on March 31, 2019.

Radio firms eye govt help to stay tuned

The cost of running 68 stations can be challenging and the daily expenses become a "major struggle", said Red FM's Narayanan. "We will continue to hold on as long as we can. We are hopeful some help from the government will come our way," she added.

Typically, operating costs for a small station like Bharuch can be anywhere between ₹60-75 lakh annually while for a medium-sized station like Kolhapur, it can run into ₹4 crore (depending on the number of people employed). The expenses on running a station in a metro would be the range of ₹10-40 crore, explained Panday. Not everyone is despondent. Rahul Namjoshi, CEO at MyFM, said the firm's radio business makes one of the highest Ebitda margins in the excess of 40%. "We expect Ebitda margins to reduce only for a period of two to three months due to the impact of the pandemic. I can safely say that there is a pent-up demand in the market and we are lacing up our boots for the coming quarter," Namjoshi added. Jehil Thakkar, partner at Deloitte, said national brands contributing a significant portion of ad revenues have cut back on spending and there has been a considerable drop in ad rates. The rest of the pie comprising local businesses has been lost since most of them have halted operations. "With hotels, restaurants and some retail gradually opening up, we should see some local advertisements coming back," Thakkar said.

সংবর্ধনা প্রদান

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১৯ জুলাই ঃ এক অনুষ্ঠানে উচ্চ মাধ্যমিকে রাজ্যে সম্ভাব্য অষ্টম স্থান পাওয়া নবদ্বীপ বকুলতলা উচ্চ বিদ্যালয়ের কৃতি ছাত্র দেবকান্ত নাগকে সম্মাননা জ্ঞাপন করল তৃণমূল কংগ্রেস। রবিবার নবদ্বীপ পুরসভার ২৪ নম্বর ওয়ার্ডের তেঘড়িপাড়ায় তৃণমূল কংগ্রেস কমিটির উদ্যোগে এক স্বেচ্ছায় রক্তদান শিবিরের মঞ্চে তেঘড়িপাড়ার বাসিন্দা উচ্চ মাধ্যমিক সফল ওই কৃতি ছাত্রের হাতে মানপত্র তুলে দেন পৌরসভার প্রশাসক বোর্ডের চেয়ারপার্সন বিমানকৃষ্ণ সাহা। এছাড়াও ওই কৃতি ছাত্রের হাতে ফুলের তোড়া এবং স্মারক তুলে দেন ২৪ নম্বর ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলার তথা বর্তমান প্রশাসক বোর্ডের অন্যতম সদস্য বিজন দেবনাথ ও স্থানীয় তৃণমূল কংগ্রেসের বরিষ্ঠ নেতা বিশ্বনাথ ওরফে বিশু ঘোষ। তৃণমূলের তরফে এহেন সম্বর্ধনা পেয়ে যারপরনাই খুশি উচ্চ মাধ্যমিকে সফল দেবকান্ত নাগ। প্রশাসক বোর্ডের চেয়ারপার্সন বিমানকৃষ্ণ সাহা বলেন, দেবকান্ত নাগ নবদ্বীপবাসীকে গর্বিত করেছে। এহেন কৃতি ছাত্রের সফল হওয়ার জন্য শিক্ষকদের পাশাপাশি তার বাবা-মায়ের অবদানও কম নয়। পৌরসভার ২৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা দেবকান্ত নাগ এবছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৪৯২। অঙ্কে ১০০, ফিজিক্সে ১০০ এবং কেমিস্ট্রিতে ১০০। এছাড়াও বাংলায় ৯৯. ৪৫, ইংরেজীতে ৯৯.৯৩ ও বায়ো সাইন্সে ৯৯.৫৩। এদিনের অনুষ্ঠানে চেয়ারপার্সন ছাড়াও উপস্থিত ছিলেন নবদ্বীপ বিধানসভার তৃণমূল বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা, বিশিষ্ট শিক্ষাবিদ তথা সাহিত্যিক সিরাজুল ইসলাম, এডভোকেট ও নবদ্বীপ নাগরিক অধিকার রক্ষা কমিটির সম্পাদক দিলীপ চট্টোপাধ্যায়, শহর তৃণমূল কংগ্রেসের সভাপতি শ্যামাপ্রসাদ পাল, পৌরসভার প্রশাসক বোর্ডের সদস্য মিহিরকান্তি পাল, নিতাই দাস, চৈতালি গুঁই, প্রাক্তন কাউন্সিলর নির্মলকান্তি দেব, দেবাশীষ ঘোষ, অনুব্রাধা মুখার্জি প্রমুখ।

পুলিশী নজরদারি

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৯ জুলাই ঃ শহরের গোটা পুরসভা এলাকায় কন্টেইনমেন্ট জোন ঘোষণার পরও কিছু সবজি ব্যবসায়ী ফুটপাথে দোকান খুলে বসেছিলেন। রবিবার জলপাইগুড়ি কোতোয়ালি থানার আইসি বিপুল সিনহা বিশাল পুলিশ বাহিনী নিয়ে অভিযানে নেমে বন্ধ করে দেন সমস্ত দোকান। শহরের বিভিন্ন এলাকায় মাস্কহীন অবস্থায় ঘুরে বেড়ানো মানুষদের হাতে মাস্ক তুলে দেন তিনি। শহরের সমস্ত এলাকায় লকডাউন পরিস্থিতি মেনে চলার জন্য সকলের কাছে আবেদন রাখেন তিনি। এদিকে একের পর এক করোনা আক্রান্তের ঘটনার জেরে রবিবার সকাল থেকে সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া হল জলপাইগুড়ি শহর সংলগ্ন পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের ডেঙ্গুয়াঝাড় বাজার। ইতিমধ্যেই পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় বেশ কয়েকজন করোনায় আক্রান্ত হয়েছেন। করোনায় আক্রান্ত হয়েছেন পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের সুন্দরপাড়া এলাকার এক বাসিন্দা। জানা গেছে ডেঙ্গুয়াঝাড় এলাকাতেও একজন করোনায় আক্রান্ত হয়েছেন। তাই বিষয়টিকে বেশ গুরুত্ব দিয়ে দেখছে স্থানীয় প্রশাসন। করোনা আক্রান্তের খবর ছড়িয়ে পড়তেই ঘটনাস্থলে চলে আসেন পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের প্রধান অনিতা রাউত। স্যানিটাইজ করা হয় গোটা এলাকা। পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের প্রধান অনিতা রাউত বলেন, এই এলাকায় বেশ কয়েকজন করোনায় আক্রান্ত হয়েছেন। এই মারণ ভাইরাস যাতে গোটা এলাকায় ছড়িয়ে পড়তে না পারে এজন্য আগামী তিন দিনের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে ডেঙ্গুয়াঝাড় বাজার। পাশাপাশি এলাকায় পুলিশী নজরদারি রাখা হয়েছে। স্থানীয় বাসিন্দাদের অনুরোধ করা হয়েছে যাতে তারা খুব প্রয়োজন ছাড়া বাইরে না বের হন। সামাজিক দূরত্বের বিষয়টি গুরুত্ব দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

অজানা রোগে মৃত্যু তিন শিশুর

দুরন্ত বার্তা, রামপুরহাট, ১৯ জুলাই ঃ অজানা রোগে তিন শিশুর মৃত্যুর ঘটনায় আতঙ্ক ও শোকের ছায়া বীরভূমে। ঘটনাটি ঘটেছে বীরভূমের রামপুরহাট ২ নম্বর ব্লকের মাড়গ্রাম এক নম্বর গ্রাম পঞ্চায়েতের এটেলপাড়ায়। এই রোগের প্রাদুর্ভাব ঘটে চলতি মাসের ৫ তারিখ। মোট আট জন আক্রান্ত বমি ও পেটের ব্যাথা নিয়ে বসোয়া ব্লক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি হয়। তার মধ্যে তিন জন এই রোগে মারা যায়। যদিও তাদের মধ্যে আহিল সেখ ১৯ তারিখে বর্ধমানে মারা যায়। মৃতদের নাম আসাদুল সেখ (১৩), নঈম সেখ (৬) এবং আহিল সেখ (৪)। বাকি আসমা খাতুন, রাইহান সেখ এবং তানবির সেখরা বর্তমানে চিকিৎসাধীন। জানা গেছে, রোগের প্রকৃত কারণ নির্ণয়ে রামপুরহাট ২ ব্লকের ডেপুটি সিএমওএইচের নেতৃত্বে স্থানীয় বিএমওএইচ অভিজিৎ রায় চৌধুরী, এএনএম কর্মী, রামপুরহাট খাদ্য নিরাপত্তা আধিকারিক, শিশু রোগ বিভাগের প্রধান এবং রামপুরহাট ২ বিডিও এলাকার প্রধান সহ সরেজমিনে নজরদারি করেছেন। কিন্তু রোগের প্রকৃত কারণ নির্ণয় সম্ভব হচ্ছে না। যদিও মৃতদের ডেথ সার্টিফিকেটে লেখা হয়েছে সেপসিস শক। বসোয়া ব্লক স্বাস্থ্য কেন্দ্র আধিকারিক ড. অভিজিৎ রায় চৌধুরী বলেন, সেপসিস অর্থাৎ কোন ভাইরাস দেহের রক্ত গুণ ছড়িয়ে যাওয়ায় মৃত্যুর প্রকৃত কারণ। তিনি বলেন, প্রাথমিক ভাবে দুটো সম্ভাবনা মাথায় রাখা হয়েছে। এক, খাদ্যে বিষক্রিয়া। বাসি ঘুগনি, ফুচকা এসব থেকে খাদ্যে বিষক্রিয়া হতে পারে। কারণ এই এলাকায় এগুলো পাওয়া যায়। দুই, করোনার উপসর্গ। এসব কথা মাথায় রেখেই, এলাকায় ১৩১ জনের সোয়াব সংগ্রহ করে টেস্টের জন্য সিউড়ি হাসপাতালে পাঠানো হয়েছে। যার রিপোর্ট সোমবার আসার কথা। দেশে যখন করোনা আক্রান্তের সংখ্যা হু হু করে বাড়ছে, তখন মাড়গ্রাম এলাকায় এই মৃত্যুর ঘটনা স্বাস্থ্য দফতরের কপালে চিন্তার চওড়া ভাঁজ ফেলেছে নিঃসন্দেহে। যদিও চলতি মাসের ৫ তারিখ এই অজানা রোগের খবর পেয়ে গ্রামে সরেজমিনে যান বিডিও, বিএমওএইচ, পঞ্চায়েতের প্রধান সহ স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা। চব্বিশ ঘন্টা তাঁরা নজরে রেখেছেন পরিস্থিতি। এই রোগের তেমন কিছু উপসর্গ নেই, শুধুমাত্র পেটে ব্যাথা এবং তিন বার বমি হবার পরেই শিশুটি নিস্তেজ হয়ে পড়ছে। মৃত আসাদুলের মা নার্গিসা বিবি জানান, চলতি মাসের ৫ তারিখ আসাদুল শেখ প্রথম আক্রান্ত হয়ে বসোয়া ব্লক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি হয়। বেশ কয়েকবার বমি হয়। পেটে ব্যাথা ছিল। তারপরের দিন তাকে রামপুরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। তার খুব প্রাণ আনচান করছিল। তবে কোন উপসর্গ ডাক্তার বাবুরা পান নি। ৬ তারিখ বেলা ১টা নাগাদ মারা যায় আসাদুল। আমার তরতাজা ছেলে চলে গেল। মৃত আহিল সেখকে চলতি মাসের ১৮ তারিখ বসোয়া ব্লক স্বাস্থ্য কেন্দ্রে সকাল ৯ টা নাগাদ ভর্তি করা হয়। বমি হয়েছে থাকায় বেলা ১২ নাগাদ রামপুরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে অবস্থা খারাপ হওয়ায় বেলা ১টা নাগাদ বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানে রবিবার বেলা সাড়ে বারোটা নাগাদ তার মৃত্যু হয়। মৃত নঈম সেখের মা মজিবা বিবিও বলেন, ছেলে নহিম সেখ বমি ও পেটের ব্যাথা নিয়ে প্রথমে রামপুরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে চলতি মাসের ১৫ তারিখ ভর্তি হয়। ওই দিন সন্ধ্যা ৬টা নাগাদ মারা যায়। আমার দুধের শিশু চলে গেল। এখনও পর্যন্ত আরও ৫-৬ জন আক্রান্ত রয়েছে বলে স্বাস্থ্য দপ্তর জানিয়েছে। তবে তারা গ্রামে, বাড়িতে চিকিৎসাধীন রয়েছে। তুলনায় সুস্থ। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে গ্রামের টুন ব্লিচিং ছড়ানো হয়েছে। পুকুরের জল ব্যবহারে নিষেধাজ্ঞা জারি হয়েছে। পঞ্চায়েত প্রধান ও বিডিওর সাহায্যে মাস্ক ব্যবহার ও সামাজিক দূরত্ব বিধি নিষেধ নিয়ে প্রচার চালানো হয়েছে। বার বার বিশেষ করে খাওয়ার আগে হাত ধোয়ার কথা সকলকে বলা হয়। যদিও এখনও পর্যন্ত ঠিক কি কারণে শিশুদের মৃত্যু ঘটেছে, স্বাস্থ্য কর্মীদের কাছেও তা অজানা বলে জানিয়েছেন ব্লকের বিএমওএইচ অভিজিৎ রায়চৌধুরী। তিনি জানান, সাব মার্সিবেলের মাধ্যমে সরবরাহ করা জলের পরীক্ষা করার পাশাপাশি পাইপ লাইন লিকেজ আছে কিনা তা পিএইচ বিভাগ পরীক্ষা করেছে। এছাড়াও, অভিভাবকদের উদ্দেশে তিনি বলেন, আপনারা অযথা পাড়ায় ঘোরাঘুরি করবেন না। বাড়িতে নিরাপদে থাকুন।

পুলিশের উচ্চপদস্থ কর্তারা করোনা আক্রান্ত

দুরন্ত বার্তা, বর্ধমান, ১৯ জুলাই ঃ পূর্ব বর্ধমানেও লাফিয়ে লাফিয়ে বাড়ছে করোনার সংক্রমণ। গত ২৪ ঘন্টায় জেলা পুলিশের দুই উচ্চ পদস্থ কর্তা সহ ৪৬ জনের করোনা পজিটিভ ধরা পড়েছে। শনিবার রাত জেলার ৩৫ জনের করোনা পজিটিভ ধরা পড়ার রিপোর্ট আসে। এরপর ফের রবিবার সকালে জেলার জামালপুর ব্লকের ১১ জনের করোনা পজিটিভ ধরা পড়ার রিপোর্ট আসে। আক্রান্ত ১১ জনের মধ্যে ৪ বছর বয়সী এক শিশু কন্যাও রয়েছে। এই রিপোর্ট হাতে পাবার পরেই নড়েচড়ে বসেন পুলিশ ও স্বাস্থ্য দপ্তরের কর্তারা। সঙ্গে সঙ্গে করোনা আক্রান্তদের কোভিড হাসপাতালে পাঠানোর প্রক্রিয়া শুরু হয়ে যায়। এই আক্রান্তদের থেকে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে কারা কারা সংস্পর্শে এসেছিলেন সে বিষয়েও স্বাস্থ্য দপ্তর খোঁজ নেওয়া শুরু করে দিয়েছে। এদিকে সংক্রমণ রোধে শনিবার থেকেই বর্ধমান পৌরসভার ১২,১৩ ও ১৪ নাম্বার ওয়ার্ডে নতুন করে লকডাউন শুরু হয়েছে. বর্তমানে পূর্ব বর্ধমান জেলায় ৮০ টি কনটেনমেন্ট জোন রয়েছে। বর্ধমান শহরের বেশ কয়েকটি মার্কেটেও অবাধ চলাফেরা বা জমায়েত নিয়ন্ত্রণ করা হয়েছে। এত কিছুর পরেও জেলায় করোনা আক্রান্তের সংখ্যা বৃদ্ধি কিছুতেই রোখা যাচ্ছে না। যা নিয়ে রীতিমত উদ্বিগ্ন জেলা প্রশাসনের শীর্ষ কর্তারা। স্বাস্থ্য দপ্তর সূত্রের খবর, এদিন পর্যন্ত জেলায় ৩৪৫ জনের করোনা পজিটিভ ধরা পড়ল। আক্রান্তদের মধ্যে দু'জনের মৃত্যু হয়েছে। সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২৩০ জন। ১১৩ জন করোনা আক্রান্ত চিকিৎসাধীন রয়েছেন। এদিকে পশ্চিম বর্ধমান জেলার পুলিশ মহলে করোনার থাবা। আসানসোল দূর্গাপুর পুলিশ কমিশনারেটের রানিগঞ্জ থানার ১৪ জন করোনায় আক্রান্ত বলে শনিবার রাতে পুলিশ ও প্রশাসন সূত্রে খবর। আক্রান্তদের মধ্যে রয়েছেন ৫ জন পুলিশ অফিসার ও ৯ জন সিভিক কর্মী। তাদের দূর্গাপুর কোভিড ১৯ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আক্রান্তদের মধ্যে ১১ জনের লালা নমুনার পরীক্ষা রিপোর্ট পজিটিভ শনিবার আসে বলে জানা গেছে। এর আগে ৩ জনের লালার নমুনা পরীক্ষার রিপোর্ট পজিটিভ এসেছিল।

তালিকায় পুলিশ ও প্রশাসনিক কর্মী-আধিকারিকরা

মালদায় একদিনে করোনা আক্রান্ত ৯৮

দুরন্ত বার্তা, মালদা, ১৯ জুলাই ঃ মালদায় একদিনে করোনা আক্রান্ত হলেন ৯৮ জন। আক্রান্তদের মধ্যে জেলার বিভিন্ন সরকারি অফিস, পুলিশ লাইন, থানার কর্মরত অফিসার-কর্মীরা রয়েছেন। তাতেই প্রশ্ন উঠেছে যে সব সরকারি দপ্তরের অফিসার-কর্মীরা আক্রান্ত হচ্ছেন, সেগুলি বন্ধ হবে কি না। যা নিয়ে এখন জেলা প্রশাসনের কর্তাদের মধ্যে টানাপোড়েন শুরু হয়েছে। সম্প্রতি, করোনায় আক্রান্ত হয়েছেন মালদা সদর মহকুমা শাসক সুরেশ চন্দ্র রানো। এছাড়াও পুরাতন মালদা ও মানিকচকের বিডিও করোনায় আক্রান্ত হয়েছেন। জেলা কালেক্টরেট বিল্ডিংয়েও বেশ কয়েকটি দপ্তরেও কয়েকজন কর্মীর মধ্যে করনোর সংক্রমণ ধরা পড়েছে। এছাড়াও বিভিন্ন থানা এলাকায় পুলিশ অফিসার-কর্মীরাও করোনায় আক্রান্ত হয়েছেন। এমনকি ডিএসপি প্রশান্ত দেবনাথ, অতিরিক্ত জেলা শাসক পালদেন শেরপাও করোনা আক্রান্ত হয়েছেন। তারা এখন হোম আইসোলেশনে রয়েছেন। সেক্ষেত্রে বিভিন্ন সরকারি দপ্তর এবং থানাগুলি কিভাবে পরিচালিত হবে তা নিয়েও অস্বস্তিতে পড়েছে জেলা পুলিশ ও প্রশাসনের কর্তারা। জেলা স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, শনিবার রাতে প্রকাশিত রিপোর্টে আক্রান্ত ৯৮ জনের মধ্যে ৬৩ জন রয়েছেন রতুয়া থানা এলাকার। বাকি আক্রান্তরা রয়েছেন পুরাতন মালদা, ইংরেজবাজার, কালিয়াচক, মানিকচক থানা এলাকার। এপর্যন্ত মালদা জেলায় করোনা আক্রান্তের সংখ্যা ১৬০০ ছুঁলো। মালদা প্রশাসনিক ভবনের ল্যান্ড অফিস, পুলিশ লাইন এবং বেশ কয়েকটি থানার অফিসার-কর্মীরা করোনায় আক্রান্ত হয়েছেন। মালদায় ক্রমাগত করোনা আক্রান্তের সংখ্যা বাড়তে থাকায় গত শুক্রবার থেকেই নতুন করে লকডাউন কড়াকড়ি করার সিদ্ধান্ত নিয়েছিল জেলা প্রশাসন ১৯ জুলাই (রবিবার) পর্যন্ত ইংরেজবাজার পুরাতন, মালদা, কালিয়াচক থানা এলাকায় কোনরকম সবজি বাজার খুলতে দেওয়া হয় নি। দোকানপাটও বন্ধ রাখা হয়েছে। কিন্তু রবিবার এই সময়সীমা শেষ হচ্ছে। তার পরেও নতুন করে এই সিদ্ধান্ত কার্যকরী থাকবে কিনা তা অবশ্য প্রশাসনের পক্ষ থেকে এখনও পর্যন্ত নিশ্চিত ভাবে কিছু জানা যায় নি। তবে প্রশাসনের একটি সূত্র থেকে জানা গিয়েছে, করোনা সংক্রমণ যদি এভাবে বাড়তে থাকে তাহলে লকডাউনের সময়সীমা বাড়ানো হতে পারে। যদিও এই প্রসঙ্গটি নিয়ে জেলা প্রশাসনের কোনও কর্তাই মন্তব্য করতে চান নি। ইতিমধ্যেই মালদা শহরের ২ নম্বর গভর্মেন্ট কলোনি, ব্যাঙ্ক কলোনি, রেলওয়ে ব্যারাক কলোনি, সিঙ্গাতলা, মালঞ্চপল্লী সহ বেশ কয়েকটি এলাকায় করোনা সংক্রমণ ধরা পড়ার পর সেইসব জায়গা বাঁশের ব্যারিকেড দিয়ে ঘিরে দেওয়া হয়েছে। ইংরেজবাজার পুরসভার পক্ষ থেকেও ওইসব এলাকায় স্যানিটাইজের কাজও শুরু করা হয়েছে। শহরের একাংশ মানুষের দাবি, করোনার সংক্রমণ ক্রমশ বাড়ছে। এই অবস্থায় লকডাউন আরও কড়াকড়ি করা উচিত পুলিশ ও প্রশাসনের। ইংরেজবাজার পুরসভার প্রশাসক মন্ডলী চেয়ারপার্সন তথা বিধায়ক নিহার ঘোষ জানিয়েছেন, করোনা মোকাবিলায় শহরের বিভিন্ন এলাকা স্যানিটাইজ করা হচ্ছে। প্রতিটি এলাকার জঞ্জাল পরিষ্কারের ক্ষেত্রে নিয়মিত নজরদারি চালানো হচ্ছে। তবে সংক্রমণ যেভাবে বাড়ছে তাতে লকডাউনের মেয়াদ কিছুদিন আরও বাড়ানো উচিত। এব্যাপারে জেলা প্রশাসনের পদস্থ কর্তারাও প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন।

করোনার কোপে প্রশাসনিক সঙ্কট

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ১৯ জুলাই ঃ করোনা আক্রান্ত মন্দিরা দত্ত (৭৩) নামে এক বৃদ্ধার প্রথম মৃত্যু নিয়ে জেলা প্রশাসন ও স্বাস্থ্য দপ্তর প্রচন্ড বিব্রত হয়ে পড়েছেন। এদিকে যে হাসপাতালে ওই বৃদ্ধা ভর্তি ছিলেন সেই বিষ্ণুপুর হাসপাতালের ফিমেল আইসোলেশন ওয়ার্ড এক সপ্তাহের জন্য বন্ধ করে দিয়েছেন কর্তৃপক্ষ। জানা গেছে পুরো হাসপাতাল চত্বর সানিটাইজ করাও হয়েছে মৃতের পরিবারের সদস্যদের নিয়ে ১৪ জনের লালারস সংগ্রহ ও পরীক্ষার জন্য পাঠানো হয়েছে জানিয়েছেন স্বাস্থ্য দপ্তর। স্বাস্থ্য দপ্তর সূত্রে আরও জানা গেছে এই ঘটনার পর জেলায় করোনর বিষে ১০ জন আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের নিয়ে ওই সংখ্যা জেলায় বেড়ে ৩৬০ ছাড়িয়ে গেল। ২৭৩ জনের সুস্থ হয়ে বাড়ি ফিরে যাওয়ার খবরও মিলেছে। নতুনদের একজন যেমন বিষ্ণুপুরের বাসন্তিতলার বাসিন্দা সেনা জওয়ান, অন্য আক্রান্তরা হলেন বাঁকুড়ার ২ ব্লকের কাঞ্চনপুর এলাকার একই পরিবারের ৬ জন সদস্য। এদের করোনা সংক্রমন ধরা পড়েছে। তাই ফের করোনা ভাইরাসে আক্রান্ত ও সংক্রমনের জের বেড়ে যাওয়ায় পুলিশ ও প্রশাসনও বেশ উদ্বেগে রয়েছে।

রেললাইন থেকে উদ্ধার হল যুবকের মৃতদেহ

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ১৯ জুলাই ঃ পশ্চিম বর্ধমান জেলার ওয়ারিয়া ও দুর্গাপুর স্টেশনের মাঝে মায়াবাজার রেলগেটের কাছে রেললাইন থেকে এক যুবকের মৃতদেহ উদ্ধার হল। এই ঘটনাকে কেন্দ্র করে রবিবার সকালে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। দুর্গাপুরের মায়াবাজারের বিজয়নগরের বাসিন্দা মৃত যুবকের নাম সিন্টু সিং (২৬)। মৃত যুবকের পরিবারের সদস্যদের দাবি, তাঁকে খুন করা হয়েছে। পুলিশ জানিয়েছে, ময়নাতদন্তের রিপোর্ট না আসা পর্যন্ত বলা যাবে না তাঁকে খুন করে রেললাইনে ফেলা হয়েছে না ট্রেনের ধাক্কায় মৃত্যু হয়েছে। এদিন দুপুরে আসানসোল জেলা হাসপাতালে যুবকের দেহের ময়নাতদন্ত হয়। সকালে মায়াবাজার রেলগেট সংলগ্ন কেবিনের সামনে সিন্টু সিংয়ের মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সিন্টু সিং পরিবহণ ব্যবসা করত। ওয়ারিয়া সহ অন্য থানায় তাঁর নামে লোহা চুরি ও অসামাজিক কাজের অভিযোগ রয়েছে। সিন্টু সিং শনিবার রাতে ব্যবসার কাজে যাওয়ার নাম করে বাড়ি থেকে বেরিয়েছিল। রাতে তিনি আর বাড়ি ফিরে আসেননি। রবিবার সকালে তাঁর মৃতদেহ রেললাইন থেকে উদ্ধার হয়। ঠিক কী কারণে এই যুবকের মৃত্যু হয়েছে তা পুলিশ তদন্ত করে দেখছে।

বাড়ির ফেলে দেওয়া জিনিস দিয়ে তৈরি হচ্ছে রাখি

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ১৯ জুলাই ঃ 'রাখি বন্ধন'-ভাইদের হাতে রাখি বেঁধে দেন বোনেরা। পরিবর্তে ভাইরা প্রতিশ্রুতি দেন তাঁদের সারা জীবন ধরে রক্ষা করার। আর তাই ভাতৃত্বের মেলবন্ধনের পরম্পরা বজায় রাখতেই দীর্ঘ সময় থেকে হাতে বানানো রাখি তৈরি করে আসছেন বাঁকুড়া শহরের ফাঁসিডাঙা এলাকার পোদ্দার পরিবার। অবসর সময়ে গোটা পরিবার বসে পড়েন রাখি তৈরির কর্মকাণ্ডে। প্রতি বছর ৮-১০ হাজার রাখি বিনামূল্যে বিতরন করেন। ভাতৃত্বের মেলবন্ধনকে অটুট রাখতে বিভিন্ন সামাজিক সংগঠনকে দান করেন হাতে বানানো রাখি। শুধু তাই নয়, পরিবেশকে দূষনের হাত থেকে বাঁচাতে বাড়ির ফেলা দেওয়া আবর্জনা দিয়েই বানানো হয় রাখিগুলি। প্লাস্টিকের টুকরো, চুড়ি ভাঙা, চুলের ক্লিপ, জামার বোতাম ঔষধের স্ট্রিপার, প্লাস্ট্রিক স্ট্র, পেনের রিফিল, তেতুলের বীজ, গার্ডার প্রভৃতি উপকরন ব্যাবহার করা হয়। পরিবারের ৪ সদস্য ছাড়াও ৮০ বছরের বৃদ্ধাও অবসরে এই কাজে হাত লাগান। পোদ্দার পরিবারের গৃহকর্তা দূর্গাপ্রসাদ পোদ্দার জানান, দীর্ঘ ১৫ বছর আগে আমার বাবা প্রথম বাড়িতে ২০০-এর মত রাখি হাতে বানিয়ে ভ্রাতৃত্ববন্ধন বজায় রাখার জন্য কিছু ক্লাব-সংগঠনকে দান করেন। তিনি দু'বছর আগে মারা গিয়েছেন। দু'বছর আগে পর্যন্ত আমরা আমার বাবা ৮০০০ রাখি হাতে বানিয়ে দান করে গিয়েছেন। এরপর গত দু'বছর আমি ও আমাদের পরিবার রাখি বানিয়েছি। এবছরও ঘরের তৈরি উপকরন দিয়ে আমরা পাঁচশোর মত রাখি তৈরি করেছি। আরও বানানো চলছে। আমরা রাখিগুলি দান করে থাকি। ৮-১০ হাজার রাখি বাজার থেকে ক্রয় করে দান করতে প্রচুর ব্যয়বহুল হয়ে উঠবে তাই আমরা বাড়িতেই বানিয়ে থাকি। আমরা বাজার থেকে সুতো রেশম, আঠা প্রভৃতি উপকরণ কিছু কিছু কিনে রাখি বানাই। এবছর সেই সব উপকরণ কলকাতা থেকে না আসায় একটু সমস্যার সম্মুখীন হলেও বাড়িতে অন্যান্য বছরের জন্য কেনা উপকরণ মজুদ থাকায় এ বছর হয়তো চলে যাবে। যে সব সংগঠন রাখি চায় তাদের আমরা রাখি দিয়ে থাকি। তবে এবছর করোনা পরিস্থিতিতে খুব সচেতন ভাবেই এই রাখি উৎসব পালন করতে হবে বলে তিনি মনে করছেন।